

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৪৮

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ পদব্রজ বা দুর্বল মুসাফির ব্যক্তিকে সিয়াম ভঙ্গ করার নির্দেশ

ذَكَرُ الْأَمْرِ لِلْمُسَافِرِ الْمَاشِي أَوْ الضَّعِيفِ بِالْإِفْطَارِ

আরবী

3548 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خَالِدٌ عَنْ الْجُرَيْرِيِّ عَنْ أَبِي نَضْرَةَ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: مَرَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى نَهْرٍ مِنْ مَاءٍ وَهُوَ عَلَى بَعْطَتِهِ وَالنَّاسُ صِيَامٌ وَالْمُشَاةُ كَثِيرٌ فَقَالَ: (اشْرَبُوا) فَجَعَلُوا يَنْظُرُونَ إِلَيْهِ ، فَقَالَ: (اشْرَبُوا ، فَإِنِّي أَمْرُكُمْ) فَجَعَلُوا يَنْظُرُونَ إِلَيْهِ ، فَحَوَّلَ وَرِكَهُ فَشَرِبَ وَشَرَبَ النَّاسُ.

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيُّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3548 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق على ((صحيح ابن خزيمة)))) (3/ 256/2022).

বাংলা

৩৫৪৮. আবু সাঈদ খুদরী রাহিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদিন তাঁর খচ্চরের উপর এক জলাধারের পাশ দিয়ে অতিক্রম করছিলেন, আর লোকজন সিয়ামরত অবস্থায় ছিলেন। তাদের মাঝে অনেক সাহাবী পদব্রজ ছিলেন। তখন তিনি আমাদেরকে বলেন, “তোমরা পানি পান করো।” তখন লোকজন তাঁর দিকে তাকাতে লাগলেন। তিনি আবাবো বলেন, “তোমরা পানি পান করো, নিশ্চয়ই আমি তোমাদেরকে নির্দেশ দিচ্ছি। তখনও লোকজন তাঁর দিকে তাকাতে লাগলেন। তখন তিনি ঘুরে বসেন এবং পানি পান করেন। অতঃপর লোকজনও পানি করে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৪/৫৭)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92882>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন